**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ
http://bhairab.kishoreganj.gov.bd

**মার্চ ২০১৮ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত প্রস্তাব**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ কাজী ফয়সাল, উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ |
| সভার সূচি | : | ২৮ মার্চ ২০১৮, সকাল ১০:৩০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ভৈরব, কিশোরগঞ্জ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি সুশৃঙ্খলভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৮, গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য এ সভার সম্মানিত সদস্যবর্গসহ ভৈরববাসীকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

এ পর্যায়ে গত সভার কার্যবিবরনীর উপর সদস্যদের মতামত আহ্বান করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অফিসার-ইন-চার্জ, ভৈরব থানার পক্ষে উপস্থিত প্রতিনিধি ফেব্রুয়ারি ২০১৮ মাসের অপরাধ বিবরণ সভায় পেশ করেন। উপস্থাপিত তথ্য মতে ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসে ভৈরব থানার অপরাধ চিত্র নিম্নরূপ:

| *ক্রমিক* | *মামলার বিবরণ* | *জানুয়ারি ২০১৮ মাসে মামলা সংখ্যা* | *ফেব্রুয়ারি ২০১৮ মাসে মামলা সংখ্যা* | *ডিসেম্বর ২০১৭ মাসে মামলা সংখ্যা* |
|---|---|---|---|---|
| ০১. | চুরি | -- | -- | |
| ০২. | ডাকাতি | -- | -- | -- |
| ০৩. | খুন | ০১ | ০২ | ০১ |
| ০৪. | অস্ত্র ও মানব পাচার | -- | -- | -- |
| ০৫. | ধর্ষণ | ০১ | -- | ০১ |
| ০৬. | নারী ও শিশু নির্যাতন | ০২ | ০২ | ০৩ |
| ০৭. | অপহরণ | ০৩ | ০১ | -- |
| ০৮. | মাদকদ্রব্য | -- | -- | -- |
| ০৯. | বিস্ফোরক দ্রব্য | -- | -- | -- |
| ১০. | অন্যান্য | ২৮ | ৩২ | ৪৪ |
| ১১. | *মোট* | *৩৫* | *৩৭* | *৪৯* |

ভৈরব থানার ফেব্রুয়ারি মাসের অপরাধ বিবরণ পর্যালোচনায় দেখা যায়, থানার অভ্যন্তরীন আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। সভায় এ ব্যাপারে সন্তোষ প্রকাশ করা হয়। অফিসার ইন-চার্জ, ভৈরব থানার পক্ষে উপস্থিত সাব-ইন্সপেক্টর এম এ রাসেল সভাকে বলেন কালীপুর ও পুলতাকান্দি মধ্যে কিছুদিন পূর্বে সৃষ্ট ঝগড়া বিবাদ স্থানীয়ভাবে মিমাংসা করা হয়েছে।

কার্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| *ক্রমিক* | *আলোচ্য বিষয়* | *আলোচনা ও সিদ্ধান্ত* | *বাস্তবায়নকারী কর্তৃপক্ষ* |
|---|---|---|---|
| ১. | আইন-শৃঙ্ক্ষলা পরিস্থিতি সমুন্নত রাখা | • পৌরসভাসহ সকল ইউনিয়নের আইন-শৃঙ্ক্ষলা পরিস্থিতি সমুন্নত রাখতে হবে। | • ওসি, ভৈরব থানা<br>• ওসি, হাইওয়ে থানা |
| ২. | জনসচেতনতা বৃদ্ধিতে বিশেষ সভা | • ইভটিজিং, বাল্যবিবাহ, সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক নির্মূল বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিতে প্রতিটি ইউনিয়নে বিশেষ সভা করা হবে। | • ওসি, ভৈরব থানা<br>• চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ |

ভৈরব, কিশোরগঞ্জ ২৩৫০, বাংলাদেশ। ফোন: (০২)৯৪৭-০১৭২; ফ্যাক্স: ৯৪৭-০৫৭২, মোবাইল: ০১৭৬৬-২৫৪-৮৮২, ইমেইল: unobhairab@mopa.gov.bd
Bhairab, Kishoreganj 2350, Bangladesh. Tel: +8802-9470572; Fax: 9470172, Mob: 01766254882, Email: unobhairab@mopa.gov.bd

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩. | মাদক বিশেষ করে গাঁজা ও ইয়াবার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ | • নিয়মিত মাদকবিরোধী অভিযান পরিচালনা করতে হবে।<br>• বিভিন্ন সরকারি সংস্থার উদ্যোগে যৌথ অভিযান পরিচালনা করা যেতে পারে।<br>• সুস্পষ্ট তথ্যের ভিত্তিতে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।<br>• মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।<br>• মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের তালিকা প্রস্তুত করে তাদের অবৈধ কার্যক্রমের বিরুদ্ধে আইনগত ও সামাজিক চাপ প্রয়োগ অব্যাহত রাখতে হবে।<br>• স্কুল-কলেজ, মসজিদ-মন্দিরসহ সামাজিক-সাংস্কৃতিক প্রতিষ্ঠানে মাদক বিরোধী সমাবেশের আয়োজন করতে হবে। | • চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>• মেয়র, ভৈরব পৌরসভা<br>• ইউএনও, ভৈরব<br>• এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>• ওসি, ভৈরবা থানা<br>• পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ভৈরব<br>• চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৪. | ভৈরব পৌরসভার অভ্যন্তরে যানজট নিরসন | • ভৈরব পৌরসভার অভ্যন্তরে দুর্জয় ভৈরব মোড়ে প্রায় সর্বক্ষণ যানজট লেগে থাকে। ব্যাপারটি নিয়ে এ সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>• রাস্তা হতে অবৈধ দখলদারদের উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ভৈরব পৌরসভাকে অনুরোধ করা হয়।<br>• মেয়র, ভৈরব পৌরসভাকে এ কমিটির পরবর্তী সভাগুলোতে অংশগ্রহণের অনুরোধ জানানো হয়। | • মেয়র, ভৈরব পৌরসভা<br>• ইউএনও, ভৈরব<br>• ওসি, ভৈরব থানা<br>• ওসি, হাইওয়ে থানা |
| ৫. | লাইসেন্সবিহীন মোটর সাইকেল চলাচল নিয়ন্ত্রণ ও অবৈধ কাজে এগুলোর ব্যবহার বন্ধকরণ | • লাইসেন্সবিহীন মোটর সাইকেলের বিরুদ্ধে বিশেষ অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | • ইউএনও, ভৈরব<br>• ওসি, ভৈরব থানা<br>• ওসি, হাইওয়ে থানা, ভৈরব |
| ৬. | অস্থায়ী/ভাসমান বাজার অপসারণ | • যানবাহন চলাচলের সুবিধার্থে জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং এর উভয় পাশে সড়ক বিভাগের জমিতে স্থাপিত অস্থায়ী/ভাসমান বাজার অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ভৈরব, কিশোরগঞ্জ<br>• ওসি, ভৈরব থানা<br>• ওসি, হাইওয়ে থানা,<br>• সংশ্লিষ্ট বাজার মালিক সমিতি |
| ৭. | নসিমন, করিমন, ইজিবাইক জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে চলাচল বন্ধ করতে হবে | • সরকারি সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে নসিমন, করিমন, ভটভটি, ইজিবাইক, ত্রি-চক্রযান ইত্যাদি চলাচল বন্ধ করতে হবে এবং এর বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | • এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>• ওসি, ভৈরব থানা<br>• ওসি,  হাইওয়ে থানা<br>• পরিবহন মালিক ও শ্রমিক সমিতিসমূহ |
| ৮. | জাতীয় মহাসড়কে থ্রি-হুইলার বন্ধ | • দুর্ঘটনা প্রতিরোধে সরকারি সিদ্ধান্ত ও মহামান্য হাইকোর্টের নিদের্শনা মোতাবেক ভৈরব উপজেলায় অবস্থিত জাতীয় মহাসড়কে তিন চাকা বিশিষ্ট সকল যানবাহন চলাচল বন্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • কমান্ডার, র‌্যাব ১৪<br>• এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ভৈরব<br>• ওসি, ভৈরব থানা<br>• ওসি, হাইওয়ে থানা |
| ৯. | আইন-শৃঙ্খলা রক্ষার সাথে জড়িত অন্যান্য | • ভৈরব উপজেলার উপর দিয়ে একাধিক জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক অতিক্রম করায় এখানে র‌্যাবের | • ইউএনও, ভৈরব<br>• কমান্ডার, র‌্যাব ১৪ |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td>সংস্থাকে এ সভায় যোগদানের আমন্ত্রণ</td><td>একটি ইফনিট ছাড়াও একটি হাইওয়ে থানা, রেলওয়ে থানা ও নৌ ফাড়ি ও ফায়ার সার্ভিসের ০২টি ইউনিট কর্মরত রয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় তাদের বিশেষ ভূমিকা থাকায় তাদের এ সভায় আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>● ওসি, হাইওয়ে থানা, ভৈরব<br>● ইন-চার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ভৈরব</td></tr>
<tr><td>১০.</td><td>কিশোরগঞ্জ জেলাধীন ভৈরব উপজেলার অন্তর্গত ইউনিয়নগুলিতে গ্রাম আদালতের কার্যক্রম সক্রিয়করণ</td><td>● বিভিন্ন ইউনিয়নে বিবেচ্য মাসে পরিচালিত গ্রাম আদালতের পরিসংখ্যান নিম্নরূপ:
<table>
<tr><th>ইউনিয়ন</th><th>ফেব্রুয়ারি মাসে নিষ্পত্তিকৃত মামলা</th><th>অনিষ্পন্ন মামলা</th></tr>
<tr><td>সাদেকপুর</td><td>০৩</td><td>০২</td></tr>
<tr><td>আগানগর</td><td>০৩</td><td>০৬</td></tr>
<tr><td>শিমুলকান্দি</td><td>-</td><td>০২</td></tr>
<tr><td>গজারিয়া</td><td>০৩</td><td>-</td></tr>
<tr><td>কালিকাপ্রসাদ</td><td>০২</td><td>-</td></tr>
<tr><td>শিবপুর</td><td>০১</td><td>-</td></tr>
<tr><td>শ্রীনগর</td><td>০২</td><td>-</td></tr>
</table>
● গ্রাম আদালত সক্রিয় করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।</td><td>● চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>১১.</td><td>ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান</td><td>● ফেব্রুয়ারি ২০১৮ মাসে ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী প্রাপ্তি বিবরণ:
<table>
<tr><th>ক্রম</th><th>ইউনিয়ন</th><th>কার্যবিবরনী পাওয়া গেছে কিনা</th></tr>
<tr><td>১.</td><td>সাদেকপুর</td><td>না</td></tr>
<tr><td>২.</td><td>আগানগর</td><td>না</td></tr>
<tr><td>৩.</td><td>শিমুলকান্দি</td><td>না</td></tr>
<tr><td>৪.</td><td>গজারিয়া</td><td>না</td></tr>
<tr><td>৫.</td><td>কালিকাপ্রসাদ</td><td>না</td></tr>
<tr><td>৬.</td><td>শিবপুর</td><td>না</td></tr>
<tr><td>৭.</td><td>শ্রীনগর</td><td>না</td></tr>
</table>
● ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি নিয়মিত সভা করে কার্যবিবরনী সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করবে।</td><td>● চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) ও সভাপতি, ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি</td></tr>
<tr><td>১২.</td><td>সার্টিফিকেট মামলার পেন্ডিং ওয়ারেন্ট তামিল</td><td>● সার্টিফিকেট মামলার পেন্ডিং ওয়ারেন্ট তামিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার-ইন-চার্জ, ভৈরব থানাকে অনুরোধ করা হয়।</td><td>● ওসি, ভৈরব থানা</td></tr>
<tr><td>১৩.</td><td>নারী ও শিশু নির্যাতন, ইভটিজিং ও জঙ্গিবাদ</td><td>● নারী ও শিশু নির্যাতন বন্ধে সচেতনতা সৃষ্টি করতে হবে।<br>● ইভটিজিং প্রতিরোধে গণআন্দোলন গড়ে তুলতে হবে।<br>● জঙ্গিবাদ সম্পর্কে সকলকে সজাগ থাকতে হবে।</td><td>● ইউএনও, ভৈরব<br>● ওসি, ভৈরব থানা<br>● ইউইও/ইউএসইও<br>● চেয়ারম্যান (সকল), ইউপি<br>● সুপারভাইজার, ই. ফা.</td></tr>
<tr><td>১৪.</td><td>সৈয়দ নজরুল ইসলাম সেতুর মনিটরিং</td><td>● ঢাকা-সিলেট মহাসড়কে মেঘনা নদীর উপর অবস্থিত 'সৈয়দ নজরুল ইসলাম সেতুর' দু'পাশে মাদক চলাচল রোধে বিশেষ মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>● ওসি, ভৈরব থানা<br>● ওসি, হাইওয়ে থানা</td></tr>
</table>

আইন-শৃঙ্খলা কমিটি উপজেলা পর্যায়ে আইন-শৃঙ্খলা রক্ষার সর্বোচ্চ ফোরাম। এ কাজে দায়িত্বপ্রাপ্ত অন্যতম কর্মকর্তা ভৈরব থানার অফিসার-ইন-চার্জ সভায় অনুপস্থিত। সভার কার্যবিবরনী পরীক্ষায় দেখা যায় গত সভাতেও তিনি একজন সাব-ইন্সপেক্টরকে প্রেরণ করেন। এ ব্যাপারে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ প্রতি মাসে আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠানের দিন ক্ষণ নির্ধারণ করে দিয়েছেন। এমতাবস্থায়, নির্ধারিত দিনে (প্রতি মাসের ২য় সপ্তাহের সোমবার সকাল ১০.০০

টায়) অফিসার-ইন-চার্জ ভৈরব থানা, ভৈরব, কিশোরগঞ্জসহ অন্যান্য কর্মকর্তাদের আইন-শৃঙ্খলা সভায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং আসন্ন বাংলা নববর্ষ ১৪২৫ এর অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
মোহাম্মদ কাজী ফয়সাল
উপজেলা নির্বাহী অফিসার

পত্র সংখ্যা: ০৫.৪১.৪৮১১.০০০.১৫.০০১.১৭.১৭৮ তারিখ: ০৪ এপ্রিল ২০১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য, ১৬৭ কিশোরগঞ্জ ৬, বাংলাদেশ জাতীয় সংসদ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, ভৈরব, কিশোরগঞ্জ।
২. জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ।
৩. পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, ভৈরব, কিশোরগঞ্জ।
৫. মেয়র, ভৈরব পৌরসভা, ভৈরব, কিশোরগঞ্জ।
৬. কমান্ডার, র‌্যাব ১৪, ভৈরব, কিশোরগঞ্জ।
৭. উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ, ভৈরব, কিশোরগঞ্জ।
৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিবার কল্যাণ কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
৯. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, ভৈরব, কিশোরগঞ্জ।
১০. সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ভৈরব, কিশোরগঞ্জ।
১১. অফিসার-ইন-চার্জ, ভৈরব থানা / হাইওয়ে থানা /রেলওয়ে থানা/ইন্সপেক্টর (ট্রাফিক), ভৈরব, কিশোরগঞ্জ।
১২. অধ্যক্ষ, সরকারি জিল্লুর রহমান মহিলা কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ।
১৩. পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ভৈরব, কিশোরগঞ্জ।
১৪. উপজেলা শিক্ষা কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
১৫. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
১৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
১৭. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ।
১৮. চেয়ারম্যান, আগানগর / কালিকাপ্রসাদ / গজারিয়া / সাদেকপুর / শিমুলকান্দি / শিবপুর / শ্রীনগর ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
১৯. সভাপতি, প্রেস ক্লাব/রিপোর্টার্স ইউনিটি, ভৈরব, কিশোরগঞ্জ।
২০. অধ্যক্ষ, কালীপুর (ইসলামপুর) এমআই ফাজিল মাদ্রাসা, ভৈরব, কিশোরগঞ্জ।
২১. প্রধান শিক্ষক, কে. বি. পাইলট উচ্চ বিদ্যালয়/এম পি বালিকা উচ্চ বিদ্যালয়/বাংলাদেশ রেলওয়ে উচ্চ বিদ্যালয় /কমলপুর হাজী জহির উদ্দিন উচ্চ বিদ্যালয়/কালীপুর উচ্চ বিদ্যালয়/মুর্শিদ মুজিব উচ্চ বিদ্যালয়/হাজী ইউসুফ আলী উচ্চ বিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ।
২২. ইন-চার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ভৈরব, কিশোরগঞ্জ।
২৩. সভাপতি, ভৈরব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ভৈরব, কিশোরগঞ্জ।
২৪. জনাব ........................................................................................................................।

উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ